গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
রাজস্থলী, রাঙ্গামাটি পার্বত্য জেলা

**নভেম্বর ২০২০ খ্রি: মাসের উপজেলা পরিষদের মাসিক সমন্বয় সভা ১৯ ( উনিশ ) তম এর কার্যবিবরণী :**

সভাপতি: জনাব উবাচ মারমা, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজস্থলী, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।
তারিখ : ২৬/১১/২০২০খ্রি:। সময় : সকাল ১১.৩০ ঘটিকা।
উপস্থিত সদস্যের তালিকা পরিশিষ্ট "ক" এবং উপস্থিত উপজেলার সকল সরকারি বিভাগীয় প্রধানের তালিকা পরিশিষ্ট "খ" তে উল্লেখ করা হলো।
সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কাজ শুরু করেন। অত:পর সভায় আলোচ্যসূচি অনুযায়ী নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়।

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচ্য বিষয়</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী কর্তৃপক্ষ</th></tr>
<tr><td>০১.</td><td>গত সভার কার্যবিবরণী :</td><td>উপজেলা নির্বাহী অফিসার উপজেলা পরিষদের আঠার-তম সমন্বয় সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং কোন সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।</td><td>সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান ও কমিটি</td></tr>
<tr><td>০২.</td><td>ইত:পূর্বে গৃহিত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতির পর্যালোচনা :</td><td>উপজেলা পরিষদে হস্তান্তরিত সংশ্লিষ্ট সকল দপ্তর এবং অন্যান্য সরকারি দপ্তরসমূহের সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে ব্যাপক পর্যালোচনা করা হয় এবং গৃহিত সিদ্ধান্ত সমূহ বাস্তবায়ন করার জন্য সংশ্লিষ্ট দপ্তরের প্রধান এবং জনপ্রতিনিধিগণকে সভা কর্তৃক অনুরোধ জানানো হয়।</td><td>সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান ও কমিটি</td></tr>
<tr><td>০৩.</td><td>কৃষি বিভাগ: উপজেলা কৃষি কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, নভেম্বর মাসের ইউরিয়া মজুত আছে ৮.৫ মে:টন। বর্তমানে আমন ৮৫% শস্য কর্তন হয়েছে। পর্যাপ্ত সার মজুদ রয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়।</td><td>দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও সুন্দররূপে চালিয়ে নেওয়ার জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাকে সভা কর্তৃক অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।</td><td>সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান ও কমিটি</td></tr>
<tr><td>০৪.</td><td>স্বাস্থ্য বিভাগ : উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: রুইহ্লাঅং মারমা সভাকে জানান যে, ০৫/১২/২০২০ থেকে ১৭/০১/২০২১ পর্যন্ত ৬ সপ্তাহ ব্যাপী "হাম রুবেলা ক্যাম্পেইন" উদযাপিত হবে। ৯ মাস থেকে ১০ বছরের কম বয়সী শিশুদের MR টিকা দেয়া হবে। এ বিষয়ে উপস্থিত সকলের সার্বিক সহযোগিতা কামনা করা হয়। হার্মে ২য় ঢেউ শুরু হয়ে গেছে। তাই সকলকে সতর্ক থাকতে এবং স্বাস্থ্যবিধি মেনে চলার জন্য সভা কর্তৃক সংশ্লিষ্ট সকলকে আহবান জানানো হয়।</td><td>দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও সুন্দররূপে চালিয়ে নেওয়ার জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাকে সভা কর্তৃক অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহিত হয়।</td><td>সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান ও কমিটি</td></tr>
<tr><td>০৫.</td><td>স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ: উপজেলা প্রকৌশলীর প্রতিনিধি সভায় জানান যে, তাঁর দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু এবং স্বাভাবিকভাবে চলছে। তাঁর দপ্তর কর্তৃক উপজেলা প্রকল্প বাছাই কমিটি এবং বার্ষিক উন্নয়ন কর্মপরিকল্পনা প্রণয়নের বিষয়ে সভায় বিশদ আলোচনা করা হয়।</td><td>প্রকল্প বাছাই কমিটির তালিকা এবং বার্ষিক উন্নয়ন কর্মপরিকল্পনা প্রণয়নের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাকে সভা কর্তৃক অনুরোধ জানানো হয়।</td><td>উপজেলা প্রকৌশলী, রাজস্থলী, রাঙ্গামাটি পার্বত্য জেলা।</td></tr>
<tr><td>০৬.</td><td>ত্রাণ বিভাগ: উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জনাব মো: রবিউল ইসলাম সভাকে জানান যে, মুজিব শতবর্ষে আশ্রয়ণ প্রকল্পে ৩০ টি গৃহ নির্মাণের কাজ চলমান আছে। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে অবহিত করা হয়।</td><td>নির্ধারিত সময়সীমার মধ্যে মাননীয় প্রধানমন্ত্রীর অগ্রাধিকার ভিত্তিক মুজিব শতবর্ষে আশ্রয়ণ প্রকল্পের অত্র উপজেলার জন্য ১ম পর্যায়ে ৩০ টি ঘর সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাকে সভা কর্তৃক অনুরোধ জানানো হয়।</td><td>সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান</td></tr>
<tr><td>০৭.</td><td>পরিবার পরিকল্পনা বিভাগ: উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জনাব বোধিদত্ত বড়ুয়া তাঁর দপ্তরের অক্টোবর ২০২০ খ্রি:মাসের নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন।
<table>
<tr><th rowspan="2">মোট লক্ষ্য দম্পতি</th><th colspan="2">খাবার বড়ি</th><th colspan="2">কনডম</th><th colspan="2">ইনজেকটেবল</th><th colspan="2">আইইউডি</th></tr>
<tr><th>নতুন</th><th>পুরাতন</th><th>নতুন</th><th>পুরাতন</th><th>নতুন</th><th>পুরাতন</th><th>নতুন</th><th>পুরাতন</th></tr>
<tr><td>৪৬৮৯</td><td>৫</td><td>২০৬৩</td><td>-</td><td>১৪৬</td><td>-</td><td>৬৪৫</td><td>-</td><td>১২৭</td></tr>
</table>
<table>
<tr><th colspan="2">ইমপ্লান্ট</th><th colspan="4">স্থায়ী পদ্ধতি</th><th rowspan="3">সর্বমোট গ্রহণকারী</th><th rowspan="3">সি এ আর</th></tr>
<tr><th rowspan="2">নতুন</th><th rowspan="2">পুরাতন</th><th colspan="2">পুরুষ</th><th colspan="2">মহিলা</th></tr>
<tr><th>নতুন</th><th>পুরাতন</th><th>নতুন</th><th>পুরাতন</th></tr>
<tr><td>-</td><td>৬২৫</td><td>-</td><td>১২৮</td><td>-</td><td>১০৬</td><td>৩৮৭৬</td><td>৮২.৬৬%</td></tr>
</table>
</td><td>দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও সুন্দররূপে চালিয়ে নেওয়ার জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাকে সভা কর্তৃক অনুরোধ জানানো হয়।</td><td>সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান</td></tr>
<tr><td>০৮.</td><td>শিক্ষা বিভাগ: উপজেলা শিক্ষা কর্মকর্তা জনাব মো: আবুল কালাম আজাদ সভাকে জানান যে, বিদ্যালয় পর্যায়ে অনলাইন ভিত্তিক পাঠ ও মূল্যায়ন কার্যক্রম চলমান আছে। ২০২১ সালের পাঠ্যপুস্তক সংরক্ষণের যাবতীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। NO Mask, No Entry কার্যক্রম বহাল আছে। অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে অবহিত করা হয়।</td><td>দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও সুন্দররূপে চালিয়ে নেওয়ার জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাকে সভা কর্তৃক অনুরোধ জানানো হয়।</td><td>সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান</td></tr>
<tr><td>০৯.</td><td>মৎস্য বিভাগ: উপজেলা মৎস্য কর্মকর্তা জনাব মোহাম্মদ ছাবেকুল হক সভাকে জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ইতোমধ্যে ইলিশ সংরক্ষণ অভিযান সম্পন্ন হয়েছে। বর্তমানে ০১ নভেম্বর ২০২০ হতে ৩০ জুন ২০২১ পর্যন্ত জাটকা নিধন প্রতিরোধ অভিযান চলমান আছে। অত্র রাজস্থলী উপজেলার বাজারে এ পর্যন্ত জাটকা পাওয়া যায়নি। তিনি জানান, শীতের আগমনে মাছের শরীরে বিভিন্ন রোগ দেখা দিতে পারে। রোগ দেখা গেলে উপজেলা মৎস্য অফিসে যোগাযোগ করার জন্য জনপ্রতিনিধিদের মাধ্যমে সংশ্লিষ্ট চাষীদেরকে অনুরোধ জানানো হয়।</td><td>দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও সুন্দররূপে চালিয়ে নেওয়ার জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাকে সভা কর্তৃক অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান</td></tr>
<tr><td>১০.</td><td>যুব উন্নয়ন বিভাগ : সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভাকে জানান যে, তাঁর দপ্তর কর্তৃক অত্যন্ত সফলভাবে যুব ঋণ বিতরণ, পরিবার ভিত্তিক ঋণ বিতরণ</td><td>দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও সুন্দররূপে চালিয়ে নেওয়ার জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাকে সভা কর্তৃক অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত</td><td>সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান</td></tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| | কার্যক্রম চলছে। তাঁর দপ্তরে ঋণ বিতরণ কার্যক্রম শতভাগ মর্মে সভাকে জানানো হয়। | হয়। | |
| ১১. | মহিলা বিষয়ক অধিদপ্তর: উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি। | পরবর্তী মাসিক সমন্বয় সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত করার জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাকে সভা কর্তৃক অনুরোধ জানানো হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান |
| ১২. | প্রাণি সম্পদ বিভাগ: উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা ডা: মোহাম্মদ তৌফিকুল ইসলাম সভাকে জানান যে, তাঁর দপ্তরের যাবতীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। বর্তমানে ডিসেম্বর/২০২০ থেকে মার্চ/২০২১ পর্যন্ত শীতের প্রকোপ বেশি হওয়ায় ছাগল এবং মুরগীর অসুখ বেশী বেশী দেখা দিবে। সুতরাং তাদেরকে শীত থেকে রক্ষার জন্য সর্তকর্তা অবলম্বন করার জন্য সভা কর্তৃক সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও সুন্দররূপে চালিয়ে নেওয়ার জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাকে সভা কর্তৃক অনুরোধ জানানো হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান |
| ১৩. | বি.আর.ডি.বি: উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভাকে জানান যে, মোট সঞ্চয় আদায় ২৮০০০/- টাকা, ১২ জন সদস্যের মাঝে ৩,৭০,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয় এবং ৩,৯৫,০০০/- টাকা ঋণ আদায় হয়। এছাড়া বিগত ২২/১১/২০২০ এ ঢাকা থেকে অডিট টিম আসার কথা থাকলেও আসতে পারেননি। তিনি জানান, আগামী মাসে অডিট টিম রাজস্থলীতে বিআরডিবির সকল প্রকল্পের অডিট টিম সম্পন্ন করবে। ঋণ আদায়ে সকলের সহযোগিতা কামনা করা হয়। | ঋণ আদায়ের পরিমাণ বৃদ্ধি করার জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাকে সভা কর্তৃক অনুরোধ জানানো হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান |
| ১৪. | খাদ্য বিভাগ: জনাব রিপু চাকমা, উপজেলা খাদ্য নিয়ন্ত্রক রাজস্থলী সভাকে জানান যে, রাজস্থলী খাদ্য গুদামে ২৪৮.০৯০ মে: টন চাল মজুদ আছে। আমন সংগ্রহ মৌসুমে অত্র উপজেলার ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা ৩২.০০০ মে: টন ধার্য্য করা হয়েছে। সংগ্রহের মূল্য প্রতি কেজি ২৬/- টাকা এবং সংগ্রহের সময়সীমা ০৭/১১/২০২০ খ্রি: তারিখ হতে ২৮/০২/২০২১ খ্রি: তারিখ পর্যন্ত। লক্ষ্যমাত্রার ধান অ্যাপ এর মাধ্যমে ক্রয় করা হবে। কৃষকের অ্যাপ পাইলটের আওতাধীন কৃষক নিবন্ধনের সময়সীমা ২৮/১১/২০২০ খ্রি: তারিখ পর্যন্ত।<br>তিনি আরো জানান, আতপ চাল সংগ্রহের লক্ষ্যমাত্রা ৪৯.০০০ মে: টন ধার্য্য করা হয়েছে। সংগ্রহের মূল্য প্রতি কেজি ৩৬/- টাকা। সংগ্রহের সময়সীমা ১৫/১১/২০২০ খ্রি: তারিখ হতে ২৮/০২/২০২১ খ্রি: তারিখ পর্যন্ত। লক্ষ্যমাত্রাকৃত ৪৯.০০০ মে: টন আতপ চাল ৪ জন ডিলারের মাঝে বিভাজন করে দেওয়া হয়েছে।<br>১.মেসার্স শাহজালাল, অটো রাইস মিল, বাঙ্গালহালিয়া রাজস্থলী<br>মালিক : জনাব সামশুল আলম ১৩.০০০ মে: টন।<br>২. বাঙ্গালহালিয়া অটো রাইস মিল, বাঙ্গালহালিয়া বাজার, রাজস্থলী<br>মালিক : জনাব তপন কান্তি পাল-১৪.০০০ মে: টন।<br>৩.মেসার্স শাহ মোহছেন আউলিয়া,অটো রাইস মিল,বাঙ্গালহালিয়া বাজার, রাজস্থলী<br>মালিক : জনাব আব্দুল মান্নান সওদাগর-১০.০০০ মে: টন।<br>৪. মেসার্স খাজা অটো রাইস মিল, বাঙ্গালহালিয়া বাজার, রাজস্থলী<br>মালিক : জনাব রুহুল আমিন ১২.০০০ মে: টন।<br>মিল মালিকগণকে ২৬/১১/২০২০ খ্রি: তারিখের মধ্যে চুক্তি সম্পাদন করতে বলা হয়েছে। পূর্বের নির্দেশনা অনুযায়ী খাদ্য বান্ধব কর্মসূচির কার্যক্রম নভেম্বর মাসে শেষ। পরবর্তী নির্দেশনা না পাওয়া পর্যন্ত বন্ধ থাকবে। এটি একটি চলমান প্রক্রিয়া। এ বিষয়ে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মহোদয়গণের দৃষ্টি আকর্ষণ করা হয়। যদি কোন কার্ডধারী ব্যক্তি মৃত্যু বরণ করেন, অন্যত্র চলে যান অথবা স্বচ্ছল হন, তার পরিবর্তে নতুন নাম প্রতিস্থাপনের জন্য অনুরোধ করা হয়। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও সুন্দররূপে চালিয়ে নেওয়ার জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাকে সভা কর্তৃক অনুরোধ জানানো হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান |
| ১৫. | সমাজ সেবা বিভাগ: উপজেলা সমাজ সেবা কর্মকর্তা জনাব নাজমুল হাসান সভাকে জানান যে, তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক।এছাড়া মাসিক সভায় বিভিন্ন বাজেট সংক্রান্ত বিষয়ে আলোচনা করা হয়। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও সুন্দররূপে চালিয়ে নেওয়ার জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাকে সভা কর্তৃক অনুরোধ জানানো হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান |
| ১৬. | মাধ্যমিক শিক্ষা বিভাগ: উপজেলা একাডেমিক সুপারভাইজার জনাব বিভীষণ চাকমা সভাকে অবহিত করেন যে, অত্র উপজেলায় ৯ টি শিক্ষা প্রতিষ্ঠানের শতভাগ চলমান মাসের ১০/১১/২০২০ খ্রি: তারিখে ব্যানবেইসের তথ্য আপডেট কাজ সম্পন্ন করা হয়েছে। ৬ষ্ঠ, ৯ম ও একাদশ শ্রেণিতে শতভাগ উপবৃত্তির আওতায় হিসেবে চলতি মাসের ২২/১০/২০২০ খ্রি: তারিখে অনলাইনের মাধ্যমে তথ্য প্রদান সম্পন্ন করা হয়েছে। শিক্ষা মন্ত্রণালয়ের মাউশির নির্দেশনা মোতাবেক অত্র উপজেলায় মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানে শতভাগ অ্যাসাইনমেন্ট কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে এবং নিয়মিত পরিদর্শনের কার্যক্রম অব্যাহ রয়েছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও সুন্দররূপে চালিয়ে নেওয়ার জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাকে সভা কর্তৃক অনুরোধ জানানো হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান |
| ১৭. | বন বিভাগ: রেঞ্জ কর্মকর্তা, রাজস্থলী রেঞ্জ সভাকে জানান যে, তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান, বৃক্ষরোপনে প্রধানমন্ত্রীর জাতীয় পুরস্কার /২০২০ উপলক্ষ্যে বিভিন্ন শ্রেণিতে আবেদন ফরম বিতরণ এবং গ্রহণ করা হচ্ছে। মোট ১০ টি শ্রেণিতে আবেদন ফরম ও বিতরণী রেঞ্জ কর্মকর্তা, রাজস্থলী এবং উপজেলা কার্যালয়ে পাওয়া যাবে। রাজস্থলী রেঞ্জের অন্যান্য সরকারী কার্যক্রম সুষ্ঠু এবং সুন্দররূপে চলছে মর্মে সভাকে অবহিত করা হয়। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও সুন্দররূপে চালিয়ে নেওয়ার জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাকে সভা কর্তৃক অনুরোধ জানানো হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান |

| | | | |
|---|---|---|---|
| ১৮. | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ: জনাব লিমন চন্দ্র বর্মন, উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজস্থলী সভাকে জানান যে, পার্বত্য রাঙ্গামাটি জেলার রাজস্থলী উপজেলায় ৩ টি ইউনিয়নে জনগণের নিকট নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন শীর্ষক প্রকল্পের আওতায় গভীর নলকূপ স্থাপন করা হয়েছে। সমগ্র বাংলাদেশ প্রকল্পের আওতায় শতভাগ বিশুদ্ধ পানি পান করার জন্য এ অধিদপ্তর কাজ করে যাচ্ছে। উল্লেখ্য, গৃহহীনদের গৃহ নির্মান সম্পন্ন করা হলে তাদের বাড়িতে গভীর নলকূপ স্থাপন করা হবে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও সুন্দররূপে চালিয়ে নেওয়ার জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাকে সভা কর্তৃক অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান |
| ১৯. | সমবায় বিভাগ: উপজেলা সমবায় কর্মকর্তার কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় তাঁর দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি। | পরবর্তী মাসিক সমন্বয় সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত করার জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাকে সভা কর্তৃক অনুরোধ জানানো হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান |
| ২০. | বিদ্যুৎ বিভাগ: আবাসিক প্রকৌশলী,কাপ্তাই বিদ্যুৎ সরবরাহ, লিচুবাগান,কাপ্তাই এর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় তাঁর দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি। | পরবর্তী মাসিক সমন্বয় সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত করার জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাকে সভা কর্তৃক অনুরোধ জানানো হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান |
| ২১. | পরিসংখ্যান বিভাগ: উপজেলা পরিসংখ্যান কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, তাঁর দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু এবং স্বাভাবিক। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও সুন্দররূপে চালিয়ে নেওয়ার জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাকে সভা কর্তৃক অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান |
| ২২. | টেকসই সামাজিক সেবা প্রদান প্রকল্প, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড: উপজেলা ব্যবস্থাপক,টেকসই সামাজিক সেবা প্রদান প্রকল্প, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাজস্থলী সভায় জানান যে, তাঁর দপ্তরের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। আগামীতে নতুন পাড়াকেন্দ্রে উপজেলা পর্যায়ে নতুনভাবে নির্মাণ করা হবে। পাড়াকর্মীদের GMP পুনরায় প্রশিক্ষণ ক্লাস্টার অনুসারে ট্রেনিং দেওয়া হচ্ছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও সুন্দররূপে চালিয়ে নেওয়ার জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাকে সভা কর্তৃক অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা। |
| ২৩. | আনসার ভিডিপি বিভাগ: উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তার কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় তাঁর দপ্তরের বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি। | পরবর্তী মাসিক সমন্বয় সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত করার জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাকে সভা কর্তৃক অনুরোধ জানানো হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান |
| ২৪. | উপজেলা রিসোর্স সেন্টার: জনাব মো: শাহ আলম, ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, রাজস্থলী সভাকে জানান যে, 'ঘরে বসে শিক্ষা' কার্যক্রমসহ প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক নির্দেশিত কার্যক্রম বিদ্যালয় পর্যায়ে কিভাবে চলছে তা টেলিফোন, ভার্চুয়াল মিটিং এর মাধ্যমে শিক্ষকদের সাথে মত বিনিময় করা হয়। এছাড়া বিভিন্ন বিষয়ভিত্তিক প্রশিক্ষণের Refreshing Training-Online এর মাধ্যমে বিদ্যালয় পর্যায়ে শিক্ষকদের অবহিত করা হয়। | প্রশিক্ষণ বিদ্যালয় পর্যায়ে সঠিকভাবে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাকে সভা কর্তৃক অনুরোধ জানানো হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান |
| ২৫. | উপজেলা নির্বাচন অফিস: উপজেলা নির্বাচন কর্মকর্তা জনাব উৎপল বড়ুয়া সভাকে অবহিত করেন যে, উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী প্রাতিষ্ঠানিক ও নাগরিক সেবা কার্যক্রম যথানিয়মে চলমান রয়েছে। সকল কার্যক্রম ভালো। দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও সুন্দররূপে চালিয়ে নেওয়ার জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাকে সভা কর্তৃক অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান |
| ২৬. | আমার বাড়ি আমার খামার প্রকল্প: জনাব সন্তোষ কুমার তঞ্চঙ্গ্যা, উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, রাজস্থলী সভাকে অবহিত করেন যে, তাঁর দপ্তর কর্তৃক গত অক্টোবর মাসে ঋণ বিতরন করা হয়েছে ২৩,৭৮,০০০/- টাকা। ঋন গ্রহীতার সংখ্যা ১২৮ জন। কর্জ আদায় হয়েছে ১৯,৮৮,০০০/- টাকা। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে অবহিত করা হয়। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও সুন্দররূপে চালিয়ে নেওয়ার জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাকে সভা কর্তৃক অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমন্বয়কারী এবাএখা, রাজস্থলী |
| ২৭. | **তথ্য আপা কর্মকর্তার কার্যালয় :** উপজেলা তথ্য আপা কর্মকর্তা জনাব রাবেয়া সভায় জানান যে, উঠান বৈঠক ও ডোর টু ডোর এর মাধ্যমে সেবা প্রদান কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া অফিসের সার্বিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও সুন্দররূপে চালিয়ে নেওয়ার জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাকে সভা কর্তৃক অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা তথ্য আপা কর্মকর্তা, রাজস্থলী |
| | **বিবিধ (ক) ভল্ট ও স্ট্রং রুমের নিরাপত্তা বিধানকল্পে সোনালী ব্যাংক লিমিটেড রাজস্থলী শাখা নিজস্ব ভবনে স্থানান্তরের জন্য জমি বরাদ্দ সংক্রান্ত :** সোনালী ব্যাংক লিমিটেড, রাজস্থলী শাখা, রাঙ্গামাটি পার্বত্য জেলাকে ভল্ট ও স্ট্রং রুমের নিরাপত্তা বিধানকল্পে উপজেলা পরিষদের খালি জায়গা হতে ২০(বিশ) শতাংশ জমি বরাদ্দ প্রদানের বিষয়ে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবরে সুনির্দিষ্ট নির্দেশনা চেয়ে পত্র প্রেরন করা হলে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের ০২ নভেম্বর, ২০২০ খ্রি: তারিখের ৪৬.০০.০০০০.০৪৫.১৮.০৬৭.২০-৫২৪ সংখ্যক স্মারকমূলে উপজেলা নির্বাহী অফিসার, রাজস্থলী থেকে কতিপয় তথ্য চেয়ে পত্র প্রেরণ করেছেন। চাহিত তথ্যের বিষয়ে প্রস্তাবিত ভূমিতে ব্যাংকের নিজস্ব ভবন স্থাপিত হলে পরিষদ কমপ্লেক্সের মাস্টার প্ল্যান বিঘ্নিত হবে কি- না এ বিষয়ে উপস্থিত সকল সদস্যের নিকট হতে মতামত চাওয়া হয় এবং উপজেলা পরিষদের ১৯ তম সমন্বয় সভায় বিশদ আলোচনা করা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে যেহেতু সোনালী ব্যাংক লিমিটেড, রাজস্থলী শাখা উপজেলা পরিষদ কমপ্লেক্সের ভিতর থেকে ০.২০ (বিশ শতক) জায়গার আবেদন করা হয়েছে সেহেতু উপজেলা পরিষদের মাস্টার প্ল্যান যাতে বিঘ্নিত না হয় তদবিষয়ে ভবিষ্যৎ পরিকল্পনা গোচরীভূত রেখে উপজেলা পরিষদের এক পাশ থেকে থানার বিপরীত পার্শ্বে **০.২০ (বিশ শতক) জায়গার পরিবর্তে** সোনালী ব্যাংক লিমিটেড, রাজস্থলী শাখাকে **০.১০ (দশ শতক ) জায়গা প্রদান করা যেতে পারে মর্মে উপস্থিত সকল সদস্য মতামত ব্যক্ত করেন।** | উপজেলা পরিষদ, রাজস্থলী |
| | **কমিটির সুপারিশ পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ :**<br>১। বিগত সভার কমিটি কর্তৃক গৃহিত বিভিন্ন সুপারিশ সমূহ পর্যালোচনা করা হয়। | ১। কমিটি কর্তৃক গৃহিত বিভিন্ন সুপারিশ সমূহ পর্যালোচনান্তে বাস্তবায়ন করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | বিভাগীয় প্রধান(সকল) রাজস্থলী |
| | **সরকারি বিধি আলোচনা ও পর্যালোচনা :**<br>উপজেলা পরিষদে ন্যস্তকৃত সরকারি দপ্তরসমূহের নতুন জারিকৃত কোন বিধি উপস্থাপন না করায় এ বিষয়ে আলোচনা করা যায়নি। | উপজেলা পরিষদে ন্যস্তকৃত দপ্তরসমূহের নুতন নীতিমালা, পরিপত্র প্রজ্ঞাপন আইন ও বিধি সরকার কর্তৃক জারি করার সাথে সাথে উপজেলা পরিষদের সভায় তা উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | |

| | | | |
|---|---|---|---|
| | **মাননীয় সংসদ সদস্য মহোদয়ের সুপারিশের উপর পর্যালোচনা (প্রযোজ্য ক্ষেত্রে) :** মাননীয় সংসদ সদস্য কর্তৃক কোন ধরণের সুপারিশ পাওয়া না যাওয়ায় তদবিষয়ে আলোচনা করা সম্ভব হয়নি। | মাননীয় সংসদ সদস্য কর্তৃক সুপারিশ প্রাপ্তি সাপেক্ষে আলোচনা করা হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| | **পরিষদের আয়- ব্যয় হিসাবের উপর আলোচনা :** **উপজেলা পরিষদের নিম্নোক্ত ব্যয় সমূহ সভায় উত্থাপিত হয়।** (ক) নভেম্বর/২০২০ এর আনুসাঙ্গিক বিল বাবদ ৫০০০/- টাকা। (খ) নভেম্বর/২০২০ এর আপ্যায়ন বিল বাবদ ৫০০০/- টাকা। (গ) নভেম্বর/ ২০২০ এর উপজেলা পরিষদের ২ জন কর্মচারীর বেতন বাবদ (১২৬০০×২)= ২৫,২০০/- টাকা। | বর্ণিত ব্যয়সমূহ সভায় পর্যালোচনান্তে সঠিক বিবেচিত হওয়ায় পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ, রাজস্থলী |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

২৬/১১/২০২০

( উবাচ মারমা )
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
রাজস্থলী, রাঙ্গামাটি পার্বত্য জেলা

স্মারক নং: ০৫.৪২.৮৪৭৮.০০৬.০৪.০০৪.২০- ১৬১৭

তারিখ :২৬/১১/২০২০খ্রি:

অনুলিপি : সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো : ( জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয় )

১. মাননীয় সংসদ সদস্য, ২৯৯, পার্বত্য রাঙ্গামাটি।
২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৪. পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৫. চেয়ারম্যান, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
৬. জেলা প্রশাসক, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
৭. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজস্থলী, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
৮-৯. উপজেলা ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজস্থলী, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
১০. উপজেলা ..........................................................কর্মকর্তা,রাজস্থলী, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
১১-১৩. চেয়ারম্যান, ১ নং ঘিলাছড়ি/ ২ নং গাইন্দ্যা/ ৩ নং বাঙ্গালহালিয়া ইউপি, রাজস্থলী, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
১৪. ..........................................................................................................

26.11.2020

( মো: শেখ ছাদেক )
মুখ্য নির্বাহী কর্মকর্তা ও
উপজেলা নির্বাহী অফিসার
রাজস্থলী, রাঙ্গামাটি পার্বত্য জেলা
E-mail :unorajasthali@mopa.gov.bd
ফোন : ০৩৫১-৮১০০৫